অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

আপনার পকেটে অর্থ: গভর্নর HOCHUL (হোকল) ভোক্তাদের রক্ষা করতে এবং তাদের অর্থ বাঁচাতে পাঁচটি নতুন আইনে সাইন করলেন

লেজিস্লেশন S.932D/A.4667B হেলথ ক্লাবের চুক্তি বাতিল করা আরো সহজ করে

লেজিস্লেশন S.4778/A.7167 লীজ নেওয়া গাড়ির জন্য অপ্রয়োজনীয় ফি নিষিদ্ধ করে

লেজিস্লেশন S.8182B/A.7939B ফোনকলের প্রথম 30 সেকেন্ডের মধ্যে তথ্য দেওয়া টেলিমার্কেটারদের জন্য আবশ্যক করে

লেজিস্লেশন S.509B/A.28C রেস্টুরেন্টগুলির জন্য অনলাইনে স্যানিটারি ইন্সপেকশন গ্রেড পোস্ট করা আবশ্যিক করে

লেজিস্লেশন S.8880A/A.1010B OTC পণ্যের জন্য ওষুধের তথ্য পেতে বাধা দেওয়া নিষিদ্ধ করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ভোক্তাদের রক্ষা করা এবং তাদের অর্থ বাঁচানোর জন্য এটি লেজিস্লেটিভ প্যাকেজে সাইন করেছেন। লেজিস্লেশন S.932D/A.4667B হেলথ ক্লাবগুলির জন্য বাতিলের নোটিশ পাওয়ার 10 কর্মদিবসের মধ্যে মেম্বারশিপ বাতিল করে দেওয়া আবশ্যিক করে। লেজিস্লেশন S.4778/A.7167 একটি মোটরগাড়ির লীজের মেয়াদ শেষ হওয়ার পর নির্দিষ্ট ফি নেওয়া নিষিদ্ধ করে যার মধ্যে অ্যাডমিনিস্ট্রেটিভ, ক্ল্যারিকেল বা হ্যান্ডলিং চার্জ আছে। লেজিস্লেশন S.8182B/A.7939B টেলিমার্কেটারদের জন্য ফোনকলের প্রথম 30 সেকেন্ডের মধ্যে নির্দিষ্ট তথ্য দেওয়া এবং কাস্টোমারদের সাথে লিখিত যোগাযোগের সময় নির্দিষ্ট ঠিকানা দেওয়া আবশ্যিক করে। লেজিস্লেশন S.509B/A.28C অনলাইনে ডেলিভারি দেওয়া রেস্টুরেন্টগুলির জন্য তাদের ওয়েবসাইটে বা মোবাইল অ্যাপ্লিকেশনে সাম্প্রতিক স্যানিটারি ইন্সপেকশন গ্রেডের হাইপারলিংক পোস্ট করা আবশ্যিক করে। লেজিস্লেশন S.8880A/A.1010B ওভার-দ্য-কাউন্টার (over-the-counter, OTC) ওষুধের লেবেল দেখার বাধা থাকা নিষিদ্ধ করে।

"নিউ ইয়র্কবাসীরা যখন দাম বাড়ার কঠিন প্রভাবের মধ্যে দিয়ে যাচ্ছে এমন একটি সময়ে তাদের পকেটে আরো অর্থ রাখার জন্য আমার পক্ষে সম্ভব সবকিছু করা আমার জন্য গুরুত্বপূর্ণ,"

গভর্নর Hochul (হোকল) বলেন। "এই লেজিস্লেটিভ বিলের প্যাকেজ সাইন করার মাধ্যমে আমরা নিউ ইয়র্ককে আরো অ্যাফোর্ডেবল করার ব্যাপারে অগ্রগতি করছি।"

লেজিস্লেশন S.932D/A.4667B হেলথ ক্লাবগুলির জন্য বাতিলের নোটিশ পাওয়ার 10 কর্মদিবসের মধ্যে মেম্বারশিপ বাতিল করে দেওয়া আবশ্যিক করে।

স্টেটের সিনেটর Roxanne J. Persaud (রোক্সান জে পারসাউড) বলেন, "হেলথ ক্লাব মেম্বারশিপ ভোক্তাদের জন্য সম্পদ হওয়া উচিত, বোঝা নয়। এই বিলটি নিশ্চিত করবে যাতে আমরা নিউ ইয়র্কবাসীকে তাদের স্বাস্থ্য ও সুস্থতার জন্য সেরা বিকল্প বাছাই করার ক্ষমতা দিতে পারি যা তাদেরকে প্রয়োজন শেষ হয়ে যাওয়া চুক্তিতে আটকে রাখবে না। বাতিল করার অপশন বাড়িয়ে দেওয়ার মাধ্যমে এবং প্রক্রিয়ায় আরো সহজ করার মাধ্যমে আমরা ভোক্তাদের পাশে দাঁড়াচ্ছি এবং নিশ্চিত করছি যাতে তারা তাদের জীবনের সাথে মানানসই সিদ্ধান্ত নিতে পারে। এই লেজিস্লেশন সাইন করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Jeffrey Dinowitz (জেফ্রি ডিনোউইজ) বলেন, "আমার বিল A.4667B-কে আইন হিসেবে সাইন করার মাধ্যমে গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কে হেলথ ক্লাব চুক্তির ব্যাপারে চলে আসা প্র্যাকটিসকে আধুনিক করাকে অনেক অগ্রসর করেছেন। ইন্টারনেট অপশন যোগ করতে বাতিলের পদ্ধতি বাড়ানো এবং হেলথ ক্লাবের জন্য কাস্টোমারের অর্থ ফেরত দিয়ে রিফান্ড করার সময় কমানোর মাধ্যমে আমরা ভোক্তাদের এমন হাতিয়ার দিয়ে ক্ষমতা দিচ্ছি যা অপ্রয়োজনীয় আর্থিক চাপ কমাতে তাদের প্রয়োজন। লেজিস্লেশনটির উদ্দেশ্য ন্যায্যতা, অ্যাক্সেসিবিলিটি, এবং 21 শতকের বাতিল করার অপশন দেওয়ার ব্যবস্থা করা। ভোক্তা সুরক্ষার ব্যাপারে নিউ ইয়র্ককে নেতৃত্ব দিতে দেখে আমি গর্বিত।"

লেজিস্লেশন S.4778/A.7167 একটি মোটরগাড়ির লীজের মেয়াদ শেষ হওয়ার পর নির্দিষ্ট ফি নেওয়া নিষিদ্ধ করে যার মধ্যে অ্যাডমিনিস্ট্রেটিভ, ক্ল্যারিকেল বা হ্যান্ডলিং চার্জ আছে।

স্টেটের সিনেটর James Sanders Jr. (জেমস স্যান্ডার্স জুনিয়র) বলেন, "আমি কৃতজ্ঞ যে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) সম্প্রতি এমন দুইটি বিলকে আইন হিসেবে সাইন করছেন যার আমি চীফ স্পন্সর ছিলাম। প্রথম বিলটি (S.8880-A/SANDERS এবং A.1010-B/Weprin একই) ওভার-দ্য-কাউন্টার ওষুধ বা কসমেটিক্সের জন্য লেবেল দেখতে বাধা দেওয়াকে নিষিদ্ধ করার মাধ্যমে ভোক্তার স্বাস্থ্য ও নিরাপত্তা বাড়ায় ও রক্ষা করে। বাজারের জন্য, বিশেষ করে স্বাস্থ্য ও নিরাপত্তার সাথে সম্পর্কিত বাজারে স্বচ্ছতা প্রয়োজন। দ্বিতীয় বিলটি (S.4778/SANDERS এবং A.7167/Solages একই) একটি গাড়ির লীজ শেষ হয়ে যাওয়ার পর শুধু অ্যাডমিনিস্ট্রেটিভ, হ্যান্ডলিং বা ক্ল্যারিক্যাল চার্জ হিসেবে নেওয়া হয় এমন টার্ন-ইন ফি নেওয়া নিষিদ্ধ করে। দুইটি নতুন আইনই হলো ভোক্তার জন্য কমনসেন্স সুরক্ষা।"

অ্যাসেম্বলির সদস্য Michaelle C. Solages (মিশেল সি সোলাজেস) বলেন, "লীজ নেওয়া গাড়ির জন্য অপ্রয়োজনীয় ফি নেওয়া নিষিদ্ধ করার নতুন আইনটি হলো পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর অ্যাফোর্ডেবিলিটি সঙ্কট সমাধান করার জন্য একটি প্রধান ধাপ। পরিবারের জন্য গাড়ির খরচ হলো সবথেকে বড় আর্থিক চাপগুলির একটি, এবং জাঙ্ক ফি এইসব খরচের সামাল দেওয়াকে আরো কঠিন করে তুলেছে। লেজিস্লেশনটি লীজিং প্র্যাকটিসে স্বচ্ছতা নিশ্চিত করে।

এটি মানুষের পকেটে আরো বেশি অর্থ ফেরত দেয়। ভোক্তা সুরক্ষায় সিনেটর Sanders (স্যান্ডার্স) এবং গভর্নর Hochul-এর (হোকল) অঙ্গীকারের জন্য আমি তাদের ধন্যবাদ দিতে চাই।"

লেজিস্লেশন S.8182B/A.7939B টেলিমার্কেটারদের জন্য ফোনকলের প্রথম 30 সেকেন্ডের মধ্যে নির্দিষ্ট তথ্য দেওয়া এবং কাস্টোমারদের সাথে লিখিত যোগাযোগের সময় নির্দিষ্ট ঠিকানা দেওয়া আবশ্যিক করে।

স্টেটের সিনেটর Brad Hoylman-Sigal (ব্র্যাড হোয়েলম্যান-সিগাল) বলেন, "টেলিমার্কেটারদের ফোনের স্প্যামের শিকার হতে কেউ চায় না, বিশেষ করে যদি তারা আসলে কে তা লুকাতে চায়। আমি কৃতজ্ঞ যে গভর্নর Hochul (হোকল) একমত হয়েছেন এবং অ্যাসেম্বলির সদস্য Cunningham (কানিংহ্যাম) এবং আমার পাশ করা বিলকে আইন হিসেবে সাইন করেছেন, যা আমরা যে বারবার টেলিমার্কেটিং ফোন পেতে থাকি তার ব্যাপারে অতি প্রয়োজনীয় নিয়মকানুন কার্যকর করে সাহায্য করবে। Jerry (জেরি) যখন তাকে বাসায় বিরক্ত করতে থাকা টেলিমার্কেটারকে শিক্ষা দিয়েছিলো সেই বিখ্যাত দৃশ্যের কারণে আমরা আমাদের বিলটিকে "Seinfeld বিল" নাম দিয়েছি, কারণ এটি টেলিমার্কেটারদের জন্য তাদের কলের প্রথম 30 সেকেন্ডের মধ্যে তারা যার হয়ে ফোন করেছে সেই ব্যক্তির নাম, মেইলিং ঠিকানা, এবং টেলিফোন নম্বর জানানো আবশ্যিক করে। এছাড়াও এটি এই ডেটা অনলাইনে প্রকাশ করা আবশ্যিক করে। যেমনটি Jerry (জেরি) বলেছিলো তাদের কাছে কেনো আমাদের তথ্য থাকবে যদি আমাদের আছে তাদেরটা না থাকে?"

অ্যাসেম্বলির সদস্য Brian Cunningham (ব্রায়ান কানিংহ্যাম) বলেন, "বিচ্ছিন্ন বয়স্ক ব্যক্তি, চাকরি ও বাসা খুঁজতে থাকা কমবয়সী মানুষ, ঋণের চাপ কমাতে চাওয়া নিম্ন আয়ের পরিবার, এবং স্বাস্থ্য ভয় বা অপ্রত্যাশিত জরুরি খরচের সম্মুখীন হওয়ার মতো ব্যক্তিগত সঙ্কটে থাকা ব্যক্তিদের জন্য টেলিমার্কেটিং প্রতারণা মারাত্মক আবেগিত এবং আর্থিক প্রভাব ফেলতে পারে। গভর্নর Hochul (হোকল) আজ যে বিলের সিরিজকে আইন হিসেবে সাইন করেছেন তা নিউ ইয়র্কের সবথেকে দুর্বল মানুষদের সুরক্ষাকে অগ্রাধিকার দেয়, বিশেষ করে যারা খাদ্য, বাসা, এবং প্রতিদিনের খরচের দাম বাড়ার কারণে আর্থিক চাপে রয়েছে।"

লেজিস্লেশন S.509B/A.28C অনলাইনে ডেলিভারি দেওয়া রেস্টুরেন্টগুলির জন্য তাদের ওয়েবসাইটে বা মোবাইল অ্যাপ্লিকেশনে সাম্প্রতিক স্যানিটারি ইন্সপেকশন গ্রেডের হাইপারলিংক পোস্ট করা আবশ্যিক করে।

স্টেটের সিনেটর Kevin Thomas (কেভিন টমাস) বলেন, "অনলাইন ডেলিভারি সেবার জন্য স্যানিটারি ইন্সপেকশন গ্রেড দেখানো আবশ্যিক করার এই লেজিস্লেশনটিকে আইন হিসেবে সাইন করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি। ভোক্তাদের রক্ষা করার জন্য আমাদের যে চেষ্টা চলছে তার অংশ হিসেবে এটি নিশ্চিত করবে যাতে ভোক্তারা যে রেস্টুরেন্ট থেকে অর্ডার করতে চায় তার পরিচ্ছন্নতা ও নিরাপত্তা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য জানতে পারে, যার ফলে তারা অনলাইনে খাবার অর্ডার করার সময় নিজেদের স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কে জেনেশুনে সিদ্ধান্ত নিতে পারবে।"

অ্যাসেম্বলির সদস্য Linda B. Rosenthal (লিন্ডা বি রোজেনথাল) বলেন, "রেস্টুরেন্ট স্যানিটেশন গ্রেড কোনো গোপন কথা হওয়া উচিত না। টেকআউট অর্ডার করা বা রেস্টুরেন্ট ডিনার করতে যাওয়া সব নিউ ইয়র্কবাসীর এটি জানার অধিকার আছে যে তাদের প্রিয় খাবারের দোকানটি স্বাস্থ্যবিধি লঙ্ঘন করছে কিনা। কিন্তু, ডেলিভারি অ্যাপ ব্যবহার করা ব্যক্তিদের এই গুরুত্বপূর্ণ তথ্য দেওয়া হচ্ছে না, যার ফলে তারা অস্বাস্থ্যকর রান্নাঘরের শিকার হতে পারে। ভালো ব্যাপার এই যে এটি আজকে শেষ হচ্ছে, আমার লেজিস্লেশনটি ডেলিভার অ্যাপের জন্য তাদের ওয়েবসাইটে স্যানিটেশন গ্রেডের লিংক পোস্ট করা আবশ্যিক করবে, যা ভোক্তাদের ক্ষমতা দিবে, স্বচ্ছতা বাড়াবে এবং খাদ্যের কারণে হওয়া রোগ কমাবে। এই ব্যাপারে গভর্নরের অঙ্গীকারের জন্য আমি তার প্রশংসা করছি, এবং আমি এই সেশনে ভোক্তাদের অধিকার আরো জোরদার করতে চাই।"

লেজিস্লেশন S.8880A/A.1010B ওভার-দ্য-কাউন্টার (over-the-counter, OTC) ওষুধের লেবেল দেখার বাধা থাকা নিষিদ্ধ করে।

স্টেটের সিনেটর James Sanders Jr. (জেমস স্যান্ডার্স জুনিয়র) বলেন, "আমি কৃতজ্ঞ যে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) সম্প্রতি এমন দুইটি বিলকে আইন হিসেবে সাইন করছেন যার আমি চীফ স্পন্সর ছিলাম। প্রথম বিলটি (S.8880-A/SANDERS এবং A.1010-B/Weprin একই) ওভার-দ্য-কাউন্টার ওষুধ বা কসমেটিক্সের জন্য লেবেল দেখতে বাধা দেওয়াকে নিষিদ্ধ করার মাধ্যমে ভোক্তার স্বাস্থ্য ও নিরাপত্তা বাড়ায় ও রক্ষা করে। বাজারের জন্য, বিশেষ করে স্বাস্থ্য ও নিরাপত্তার সাথে সম্পর্কিত বাজারে স্বচ্ছতা প্রয়োজন। দ্বিতীয় বিলটি (S.4778/SANDERS এবং A.7167/Solages একই) একটি গাড়ির লীজ শেষ হয়ে যাওয়ার পর শুধু অ্যাডমিনিস্ট্রেটিভ, হ্যান্ডলিং বা ক্ল্যারিক্যাল চার্জ হিসেবে নেওয়া হয় এমন টার্ন-ইন ফি নেওয়া নিষিদ্ধ করে। দুইটি নতুন আইনই হলো ভোক্তার জন্য কমনসেন্স সুরক্ষা।"

অ্যাসেম্বলির সদস্য David I. Weprin (ডেভিড আই ওয়েপরিন) বলেন, "ভোক্তাদের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখার জন্য এই লেজিস্লেশনটি একটি গুরুত্বপূর্ণ ব্যবস্থা। ওভার-দ্য-কাউন্টার ওষুধ এবং কসমেটিক্সের জন্য লেবেল বা প্যাকেজিং দেখার ক্ষেত্রে বাধা থাকলে তার জন্য মারাত্মক স্বাস্থ্য ও নিরাপত্তার পরিণতি হতে পারে। লেজিস্লেশনটির স্পন্সর হিসেবে এটিকে আইন হিসেবে সাইন হতে দেখে আমি গর্বিত, এবং নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) অবিচল অঙ্গীকারের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন